


বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
রাজশাহী

বিষয়: “আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী এর আওতাধীন মোহনপুর রেশম সম্প্রসারণ কেন্দ্রের চাষীদের মাঝে পলুপালন সরঞ্জামাদি/উপকরণ বিতরণের সত্যতা যাচাই পরিবীক্ষণ প্রতিবেদন।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী : মোহাম্মদ এমদাদুল বারী, পরিচালক (সম্প্রসারণ)  
দাপ্তরিক ঠিকানা : বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী  
পরিবীক্ষণের তারিখ : ০৩-০০৪-২০২৫ তারিখ

“বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর ২০২৪-২৫ অর্থ বছরের “জাতীয় শুদ্ধাচার কৌশল” কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ/২০২৫) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের অংশ হিসেবে ০৩-০৪-২০২৫ তারিখ আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী এর আওতাধীন মোহনপুর রেশম সম্প্রসারণ কেন্দ্রের চাষীদের মাঝে পলুপালন সরঞ্জামাদি/উপকরণ বিতরণ কার্যক্রম সরজমিন পরিবীক্ষণ করি (ছবি সংযুক্ত)। এ সময়ে জনাব মোঃ মাহবুবুর রহমান, প্রকল্প পরিচালক, “বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা-২য় পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প, জনাব মোঃ তরিকুল ইসলাম, উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী উপস্থিত ছিলেন।



**পর্যবেক্ষণ:**

পর্যবেক্ষণে দেখা গেছে “বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা-২য় পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প এর অর্থায়নে আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী এর আওতাধীন মোহনপুর রেশম সম্প্রসারণ কেন্দ্রের চাষীদের মাঝে বিতরণের জন্য যে পরিমাণ ডালা, চন্দ্রকী, সুতার জাল, ঘড়া-কাঠি তৈরি করা হয়েছে সেগুলো মোহনপুর চাকী রিয়ারিং সেন্টারে ঠিকমতো পাওয়া গেছে এবং আমি সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয়ের উপস্থিতিতে সেগুলো বুকে নিয়ে তখনই ওখানে উপস্থিত ১২ জন চাষীর মাঝে ২০টি করে ডালা, চন্দ্রকী, সুতার জাল এবং ঘড়া-কাঠি বিতরণ করি।

**নির্দেশনা/পরামর্শ:**

১. যেসকল বসনিকে ডালা, চন্দ্রকী, সুতার জাল, ঘড়া-কাঠি ইত্যাদি বিতরণ করা হয়েছে সেগুলো যথাযথ ব্যবহারের নিমিত্তে সার্বক্ষণিক মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট ম্যানেজার এবং মাঠকর্মীকে বলা হলো।
২. বিতরণকৃত ডালা, চন্দ্রকী, সুতার জাল, ঘড়া-কাঠি পলুপালনভিন্ন কাজে যাতে ব্যবহার না হয় সেবিষয়ে সার্বক্ষণিক মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট ম্যানেজার এবং মাঠকর্মীকে বলা হলো।

মহাপরিচালক  
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
রাজশাহী

  
০৯-০৪-২০২৫  
(মোহাম্মদ এমদাদুল বারী)  
পরিচালক (সম্প্রসারণ)  
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
রাজশাহী

স্মারক নং-২৪.০৬.০০০০.০০৩.০১.০০৩.১৩-২৯০

তারিখ: ০৯-০৪-২০২৫খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে

- ১। পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(প্রশাসন)/(উৎপাদন ও বাজারজাতকারণ)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২। প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান মনিটরিং কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৩। উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী (তাকে প্রতিবেদনের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। ম্যানেজার সম্প্রসারণ, মোহনপুর রেশম সম্প্রসারণ কেন্দ্র, রাজশাহী।

  
০৯/০৪/২০২৫  
পরিচালক (সম্প্রসারণ)  
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড